আজকের কাগজ

তারিখ 15 FEB 1992
পৃষ্ঠা

73

# বিভিন্ন স্থানে প্রাথমিক শিক্ষকদের সমাবেশ ও বিক্ষোভ

কাগজ প্রতিবেদক ঃ গতকাল বুধবার দেশের বিভিন্ন স্থানে হাজার হাজার ধর্মঘটী প্রাথমিক শিক্ষক তাদের ৭ দফার দাবিতে বিক্ষোভ ও সমাবেশ করেছে। এ সমস্ত সমাবেশ ও বিক্ষোভ মিছিল থেকে প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি আবুল কালাম আজাদের মুক্তি দাবি করা হয়। যে সমস্ত স্থান থেকে সমাবেশ ও বিক্ষোভ অনুষ্ঠানের খবর পাওয়া গেছে সেগুলো হচ্ছে– জামালপুর, চাঁদপুর, ঝিনাইদহ ও কুমিল্লা।

কুমিল্লা থেকে প্রাপ্ত খবরে জানা গেছে যে, কুমিল্লা টাউন হল ময়দানে কয়েক হাজার শিক্ষক এক সমাবেশে মিলিত হয়ে ৭ দফার দাবিতে ধর্মঘট অব্যাহত রাখার সংকল্প ব্যক্ত করেন। এ সমাবেশে বক্তৃতা করেন আবু তাহের পাটোয়ারি, আব্দুর রহমান ও সাহিদা আক্তার। বক্তারা অবিলম্বে ৭ দফা মেনে নেয়া ও আবুল কালাম আজাদের মুক্তি দাবি করে বলেন, সরকার দাবি না মানা পর্যন্ত আন্দোলন অব্যাহত থাকবে। সমাবেশ শেষে মিছিল বের হয়। মিছিলকারিরা তাদের দাবির সমর্থনে বিভিন্ন শ্লোগান দিয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কাছে গিয়ে একটি স্মারকলিপি দেয়।

এর আগে গত সপ্তায় শিক্ষকরা সরকারের নীরবতার প্রতিবাদে কালো ব্যাজ ধারণ করেন। জামালপুর থেকে সংবাদে জানা গেছে, দু' সহস্রাধিক ধর্মঘটী প্রাথমিক শিক্ষক স্থানীয় শহীদ মিনারে ৭ দফার দাবিতে সমাবেশ করে। সমাবেশ শেষে মিছিল বের করে। ঝিনাইদহে অনুরূপ সমাবেশ ও মিছিল হয় এতে তিন সহস্রাধিক শিক্ষক অংশ নেন।